


## পেডিয়াট্রিক ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা– 5 থেকে 11 বছর বয়েসি শিশুদের জন্য

**25 নভেম্বর, 2021**

### শিশুদের কোভিড-19

কোভিড-19 হল ভাইরাস বাহিত একটা সংক্রমণ। এটা মূলত ফুসফুসে হয়। যেসব শিশু কোভিড-19 সংক্রমণে আক্রান্ত হয়েছে, তাদের বেশির ভাগের মধ্যে সামান্য উপসর্গ দেখা দিয়েছে, বা কারও-কারও মধ্যে কোনও উপসর্গই দেখা দেয়নি। কিন্তু শিশুদের মধ্যে কোনও উপসর্গ না-থাকলেও, তাদের থেকে অন্যদের মধ্যে কোভিড-19 ছড়াতেই পারে। কোনও-কোনও শিশু আবার খুব অসুস্থ হয়ে পড়তে পারে, তাদের এমনকী হাসপাতালে ভর্তি করার প্রয়োজন হতে পারে বা তাদের অনেকের মধ্যে কোনও উপসর্গ আবার দীর্ঘস্থায়ীও হতে পারে। যেমন ক্লান্ত অনুভব করা, শ্বাসকষ্ট, কোনও কিছুতে মনোযোগ দিতে না-পারা বা পেশিতে ব্যথা।

শিশুদের টিকা দিলে তাদের গুরুতর অসুস্থতার হাত থেকে রক্ষা করা যাবে, এবং সেই সঙ্গে আশেপাশের লোকজনের মধ্যেও ভাইরাসের সংক্রমণকে কমানো যেতে পারে। যত বেশি সংখ্যক শিশুকে টিকা দেওয়া যাবে, তত বেশি পরিমাণে স্কুলগুলো সুরক্ষিত থাকবে, সবাই সুরক্ষিত ভাবে খেলাধুলো করতে পারবে বা অন্যান্য কাজও করতে পারবে। শিশুদের টিকা দিলে মহামারির ঝুঁকিকে কমানো যাবে, স্কুল-কলেজ ও কাজ-কর্ম বন্ধ করতে হবে না, এগুলো কোনও ভাবে ব্যাহতও হবে না।

### 5 থেকে 11 বছর বয়েসি শিশুদের জন্য পেডিয়াট্রিক ফাইজার-বায়োএনটেক টিকা অনুমোদন পেয়েছে

ক্লিনিক্যাল স্টাডিতে দেখা গেছে যে, 5 থেকে 11 বছর বয়েসি শিশুদের জন্য পেডিয়াট্রিক ফাইজার-বায়োএনটেক টিকা সুরক্ষিত এবং কার্যকরী। তাই উক্ত বয়সের শিশুদের জন্য এই টিকাকে হেল্‌থ কানাডা অনুমোদন দিয়েছে। ক্লিনিক্যাল ট্রায়ালে দেখা গেছে, 5 থেকে 11 বছর বয়েসি শিশুদের এই টিকা দিলে তা কোভিড-19'এর বিরুদ্ধে 90 শতাংশের বেশি পরিমাণে কার্যকর হয়। প্রাপ্ত তথ্য থেকে জানা গেছে, শিশুরাও 18 থেকে 25 বছর বয়েসিদের মতোই রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে পারছে। সেই সঙ্গে এ-ও দেখা গেছে যে, এই টিকা সুরক্ষিতও।

### পেডিয়াট্রিক ফাইজার-বায়োএনটেক টিকা কী ভাবে কাজ করে

এটা হল মেসেঞ্জার আরএনএ (mRNA) টিকা। mRNA টিকা আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতাকে শিখিয়ে দেয়, কীভাবে কোভিড-19 থেকে আমাদের রক্ষা করতে পারার মতো অ্যান্টিবডি তৈরি করতে হয়। আপনার সন্তান টিকা নিলে, তার শরীর প্রকৃত ভাইরাসকে চিনতে পারবে, এবং তার সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য অ্যান্টিবডিও তৈরি করতে পারবে। এই টিকার মধ্যে কোভিড-19 ভাইরাস নেই বলে আপনার শিশুর এই টিকা থেকে কোভিড-19 হওয়ার কোনও আশঙ্কা নেই।

12 বছর বা তার বেশি বছর বয়েসিদের যে-ডোজ দেওয়া হয়, পেডিয়াট্রিক টিকার ডোজ তার চেয়ে কম (10 mcg)। এর কারণ হল এই যে, শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বেশি শক্তিশালী হয় বলে তারা সামান্য পরিমাণে টিকা পেলেই সুরক্ষিত থাকতে পারে। শরীরে এই সুরক্ষা ব্যবস্থা গড়ে ওঠার জন্য টিকার প্রতিটি ডোজের পর অন্তত দু'সপ্তাহ সময় লাগে। সম্পূর্ণ সুরক্ষার জন্য এই টিকার দুটো ডোজ নিতেই হবে। এই টিকার দুটো ডোজের মধ্যে আট সপ্তাহের ব্যবধান থাকতে হবেথ।

### পার্শ্ব প্রতিক্রিয়া ও ঝুঁকি

প্রাপ্তবয়স্কদের মধ্যে যে রকম পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়, সেই রকমই শিশুদের মধ্যেও দেখা যায়। এগুলো সাধারণত সামান্য পরিমাণে দেখা দেয়। এগুলো এক থেকে তিন দিন পর্যন্ত থাকে। পার্শ্ব প্রতিক্রিয়া বলতে সাধারণ বোঝায় যে, রোগ প্রতিরোধ গড়ে তোলার কাজটা টিকা শুরু করে দিয়েছে। সচরাচর এইসব পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়:

- টিকা দেওয়া জায়গাটা লাল হয়ে যায়, ফুলে যায় বা ব্যথা হয়
- মাথা ব্যথা
- ক্লান্ত লাগা
- পেশিতে ব্যথা
- শরীর ঠান্ডা হয়ে যাওয়া
- জ্বর

### মায়োকার্ডাইটিস ও পেরিকার্ডাইটিস

এটা হল হৃৎপিণ্ডের বিভিন্ন অংশে হওয়া এক ধরনের প্রদাহ। 18 বছরের ঊর্ধ্বে কেউ কোভিড mRNA টিকা নিলে তাদের মধ্যে এটা দেখা দেওয়ার আশঙ্কা বিরল। তবে দেখা দিলেও বেশির ভাগ ক্ষেত্রেই তার প্রভাব থাকে সামান্য, এবং বিশ্রাম ও চিকিৎসায় তা সেরে যায়। কোভিড-19 সংক্রমণের ফলে এটা হলে অবস্থা অনেক বেশি গুরুতর হয়ে যেতে পারে। শিশুদের ক্ষেত্রেও।

- ক্লিনিক্যাল ট্রায়ালে অবশ্য 5 থেকে 11 বছর বয়েসিদের মধ্যে এটা দেখা যায়নি।
- টিকা নেওয়ার পর সাধারণত প্রথম সপ্তাহে আপনার সন্তানের বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা বুক ধড়ফড় করলে ডাক্তার দেখাবেন।
- তবু টিকা যেন অবশ্যই নেয়। কেননা এতে ঝুঁকির চেয়ে লাভই বেশি।

### বিলম্বিত টিকাকরণে

- আপনার সন্তানের যদি জ্বর হয় বা তার মধ্যে যদি কোভিড-19'এর উপসর্গ দেখা দেয়, তাহলে তারা সুস্থ না-হওয়া পর্যন্ত টিকা দেওয়াবেন না।
- আপনার সন্তানের টেস্ট করানোর পর কোভিড-19 পজিটিভ ধরা পড়ার জন্য বা সে কোভিড-19 আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে আসার জন্য তাকে যদি স্বেচ্ছা-নিভৃত বাসে থাকতে বলা হয়, তাহলে তার নিভৃত বাসের সময় শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করে ফের নতুন করে টিকার জন্য তার নাম লেখাবেন।
- আপনার সন্তানের যদি মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিনড্রোম (MIS-C) থাকে, তাহলে সেই রোগ নির্ণয় হওয়ার পর টিকা নেওয়ার জন্য অন্তত 90 দিন অপেক্ষা করতে হবে।

### কোভিড-19 ও অন্যান্য টিকা

- NACI-এর পরামর্শ এই যে, 5 থেকে 11 বছর বয়েসি কোনও শিশু অন্য কোনও টিকা নিয়ে থাকলে, তার অন্তত 14 দিন পর তাকে যেন কোভিড-19 টিকা দেওয়া হয়। এটা হল এক ধরনের সতর্কতা মূলক ব্যবস্থা, এবং এক-এক জন শিশুর ক্ষেত্রে এক-এক রকম ভাবে বিভিন্ন টিকার মধ্যে সময়ের ব্যবধানকে কম করা যেতে পারে। আপনার সন্তানের অবস্থা নিয়ে স্বাস্থ্য পরিচর্যাকারীর সঙ্গে কথা বলে নিন।

### স্বাস্থ্য পরিচর্যাকারীর সঙ্গে কথা বলে নিন

আপনার শিশুর স্বাস্থ্য পরিচর্যাকারী বা এলার্জিস্টের সঙ্গে কথা বলে নিন, যদি:

- আপনার শিশু এমন কোনও ওষুধ খাচ্ছে, যা তার রোগ প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করে দিতে পারে। আপনি হয়তো এ-ও চাইতে পারেন যে, ওষুধ চলতে থাকা অবস্থাতেই টিকা দেওয়া হোক।
- কোভিড-19 টিকার প্রথম ডোজ নেওয়ার পর চার ঘণ্টার মধ্যে এলার্জি হয়।
- টিকার কোনও উপকরণে গুরুতর এলার্জি থেকে থাকে।

### টিকা নেওয়ার জন্য অবগতি সম্পন্ন সম্মতি

- শিশুর হয়ে তার বাবা-মা/অভিভাবক সম্মতি দেবেন।

### নিজের সন্তানকে, নিজেকে, ও অন্যদের সর্বদা সুরক্ষিত রাখুন

কোভিড-19'এর বিরুদ্ধে সুরক্ষিত থাকার সবচেয়ে ভাল যে-উপায় আমাদের কাছে আছে, তা হল টিকা। এখন আমাদের শারীরিক দূরত্ব বজায় রেখে চলতে হবে, মাস্ক পরতে হবে, এবং ঘন-ঘন হাত ধুতে হবে। যত দিন না-পর্যন্ত আরও বেশি সংখ্যক মানুষের টিকাকরণ হয়, তত দিন এগুলো করে যেতেই হবে।

**বিশদ জানতে:** আমাদের স্বাস্থ্য পরিচর্যাকারীর সঙ্গে কথা বলুন বা toronto.ca/COVID19 দেখুন।

**উৎস:** রোগ প্রতিরোধ সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটি। কোভিড-19 টিকা ব্যবহার সংক্রান্ত সুপারিশ

